

পরিপত্র

বিষয়ঃ সরকারি দপ্তরে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের লক্ষ্যে কোর কমিটি গঠন।

সরকারি দপ্তরে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ কোর কমিটি গঠন করা হইল:

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ	সভাপতি
২। মহাপরিচালক, গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	সদস্য
৪। প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
৫। প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
৬। প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
৭। প্রতিনিধি, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নহে)	সদস্য
৮। যুগ্মসচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য-সচিব

২। কোর কমিটির কর্মপরিধি:

- এই বিষয়ে অন্যান্য দেশের উৎকৃষ্ট চর্চা (best practices)সমূহ পর্যালোচনান্তে বাংলাদেশের বিভিন্ন সরকারি দপ্তরে প্রচলনের লক্ষ্যে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির খসড়া প্রণয়ন;
- প্রস্তাবিত কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির সঙ্গে বর্তমানে প্রচলিত অন্যান্য প্রশাসনিক পদ্ধতি ও ব্যবস্থাপনার সমন্বয় সাধন;
- উক্ত কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রযুক্তি ও কৌশল উদ্ভাবন এবং বিদ্যমান পদ্ধতির উন্নয়ন সাধনের সুপারিশ প্রণয়ন;
- এই পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে আর্থিক সংশ্লেষ নিরূপণ;
- উক্ত পদ্ধতি প্রবর্তনের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত বিধি-বিধান সংশোধনের প্রয়োজনীয়তা যাচাই এবং এই সম্পর্কে করণীয় বিষয়াদি চিহ্নিতকরণ; এবং
- সরকারি দপ্তরে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

৩। কমিটি প্রতি মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে এবং সময়ে সময়ে তাহাদের কাজের অগ্রগতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করিবে।

৪। কোর কমিটি তাহাদের কাজের সঙ্গে সম্পৃক্ত যে কোন প্রতিষ্ঠানের প্রতিনিধিকে কিংবা এই বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট কোন বিশেষজ্ঞকে কমিটির সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

৫। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(ড. আবু শাহীন মোঃ আসাদুজ্জামান)

উপসচিব

ফোনঃ ৯৫১৩৬০২

ই-মেইলঃ asad6531@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)
- ৩। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)
- ৪। ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
- ৫। ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)
- ৬। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা
- ৭। মহাপরিচালক, গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৮। যুগ্মসচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।